


# ঝুঁটুত্ত্ব

## ইবিতে ইংরেজি বিভাগের রজতজয়ন্তী

প্রকাশ : ১১ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



কুষ্টিয়া প্রতিনিধি

২৫ বছরে পদার্পণ উপলক্ষে রজতজয়ন্তী পালন করেছে ইসলামী বিশ্বিদ্যালয়ের (ইবি) ইংরেজি বিভাগ। একই সঙ্গে বিভাগটির আয়োজনে প্রথম পুনর্মিলনী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। রজতজয়ন্তী এবং পুনর্মিলনী উপলক্ষে বর্ণায় র্যালি, আলোচনা সভা, সাবেক ও বর্তমান শিক্ষার্থীদের স্মৃতিচারণ, প্রীতিভোজ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও র্যাফেল ড্রসহ নানা কর্মসূচির আয়োজন করা হয়েছে। শনিবার বেলা সাড়ে ১১টায় বিশ্বিদ্যালয়ের অনুষদ ভবনের সামনে থেকে বিভাগের আয়োজনে সাবেক ও বর্তমান শিক্ষার্থীদের অংশ গ্রহণে বর্ণায় আনন্দ র্যালি বের করা হয়। র্যালি শেষে বিশ্বিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান মিলনায়তনে এসে অনুষ্ঠান স্থলে মিলিত হয়। এর আগে পায়রা ও বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্বিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. রাশিদ আসকারী। উপস্থিত ছিলেন প্রো-ভিসি প্রফেসর ড. শাহিনুর রহমান ও ট্রেজারার প্রফেসর ড. সেলিম তোহা, বিভাগীয় সভাপতি প্রফেসর ড. আকতারুল ইসলাম জিল্লাসহ শিক্ষক এবং প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীরা। এর আগে শুক্রবার অনুষ্ঠানের প্রথম দিন বিকাল ৪টায় বিভাগীয় সভাপতির সভাপতিতে আলোচনা সভা, স্মৃতিচারণ ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

**ভারপ্রাপ্ত সম্পাদক :** সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৮১৯২১১-৫, রিপোর্টিং : ৮৮১৯২২৮, বিজ্ঞাপন : ৮৮১৯২১৬, ফ্যাক্স : ৮৮১৯২১৭, সার্কুলেশন : ৮৮১৯২২৯। ফ্যাক্স : ৮৮১৯২১৮, ৮৮১৯২১৯, ৮৮১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, আডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।